দৈনিক ইনকিলাব

তারিখ JUL 31 1999
পৃঃ ৩ কলাম ৬

99

# কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সম্মেলনে পূর্ণাঙ্গ বেতন স্কেল প্রদানের দাবী

প্রেস বিজ্ঞপ্তি ঃ বাংলাদেশ কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ঢাকা মহানগর ৫ম দ্বি-বার্ষিক সম্মেলন গতকাল (শুক্রবার) সকাল ১০টায় ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্র-শিক্ষক মিলনায়তনে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বাংলাদেশ আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য, বাংলাদেশ প্রাথমিক শিক্ষক ঐক্য পরিষদের উপদেষ্টা আলহাজ আমির হোসেন আমু, বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন প্রফেসর ডঃ একে আজাদ চৌধুরী, ভাইস চ্যান্সেলর, ঢাকা বিশ্ববিদ্যালয়, জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ডঃ আমিনুল ইসলাম। অনুষ্ঠানে বক্তব্য রাখেন অধ্যাপক এম এ বারী ও বাকবিশিস সভাপতি ডঃ ম. আখতারুজ্জামান। সভায় নেতৃবৃন্দ সকল শিক্ষক-কর্মচারীদের শতকরা ১০০ ভাগ বেতন-ভাতাসহ পূর্ণাঙ্গ বেতন স্কেল প্রদান এবং দ্রুত নীতিমালা প্রণয়ন করে শিক্ষক কর্মচারীদের মধ্যে বৈষম্য দূর করার আহ্বান জানান।